



## ঢাকা বিশ্ববিদ্যালয়

### -ঃ জরুরী বিজ্ঞপ্তি ঃ-

আদিষ্ট হয়ে মাননীয় উপাচার্য মহোদয়ের ১০/১১/২০২৪ তারিখের অনুমোদনক্রমে এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং এর উপাদানকল্প/অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহের পরীক্ষার বিল পরিশোধের বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে।

- ১। ৩১/১০/২০২৪ তারিখ পর্যন্ত ফলাফল প্রকাশিত হয়েছে এরূপ সকল পরীক্ষার বিল ৩১/১০/২০২৫ তারিখ পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দেওয়া যাবে।
- ২। এখন থেকে ফলাফল প্রকাশের তারিখ থেকে ০৬ (ছয়) মাসের মধ্যে পরীক্ষার বিল পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দিতে হবে এবং সংশ্লিষ্টদের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে বিলের কপি জমা দেওয়ার পর বিলের একটি রিসিভ কপি সংরক্ষণ করতে হবে।
- ৩। সকল পরীক্ষার হলে প্রধান প্রত্যবেক্ষক/প্রত্যবেক্ষক/বিশেষ প্রত্যবেক্ষক হিসাবে দায়িত্ব পালনের বিল এবং সকল টিএ/ডিএ বিল পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ০৬ (ছয়) মাসের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে দাখিল করতে হবে। এক্ষেত্রে পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ বিবেচ্য হবে না।

স্বাক্ষর/-

(মোঃ বাহালুল হক চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক

ঢাকা বিশ্ববিদ্যালয়

মেমো নং ১১৩ - ২৬ /শা-বিল/প.

তারিখঃ ১৬ অক্টোবর ১৪৩১  
০১ ডিসেম্বর ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হইল:

- ১। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাঃ বিঃ।
- ২। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাঃ বিঃ।
- ৩। অধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাদানকল্প/অধিভুক্ত সকল কলেজ।
- ৪। চেয়ারম্যান, সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি।
- ৫। রেজিস্ট্রার, ঢাঃ বিঃ।
- ৬। হিসাব পরিচালক, ঢাঃ বিঃ।
- ৭। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ৮। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ৯। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ১০। উপ-রেজিস্ট্রার, কোষাধ্যক্ষ মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ১১। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাঃ বিঃ (বহুল প্রচারের অনুরোধসহ)।
- ১২। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ঢাঃ বিঃ।
- ১৩। সকল সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ঢাঃ বিঃ।
- ১৪। নোটিশ বোর্ড, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ঢাঃ বিঃ।

(মোঃ বাহালুল হক চৌধুরী)